



## গাজায় ইসরায়েলি হামলায় নিহত আল জাজিরা সাংবাদিক আনাস আল শরিফ



সংগৃহীত ছবি

গাজার আল-শিফা হাসপাতালের বাইরে সাংবাদিকদের অস্থায়ী তাঁবুতে ইসরায়েলি সেনাবাহিনীর হামলায় নিহত হয়েছেন আল জাজিরার সাংবাদিক আনাস আল শরিফ। এ ঘটনায় আরও তিন সাংবাদিকসহ কমপক্ষে সাতজন প্রাণ হারান। ইসরায়েলি সেনাবাহিনী তাকে হামাসের সঙ্গে সম্পৃক্ত বলে দাবি করলেও আল জাজিরা ও অন্যান্য সংবাদমাধ্যম এ অভিযোগ প্রত্যাখ্যান করেছে।

কাতারভিত্তিক আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরার গাজা প্রতিনিধি আনাস আল শরিফ রোববার ইসরায়েলি সেনাবাহিনীর হামলায় নিহত হয়েছেন। আইডিএফ (ইসরায়েল ডিফেন্স ফোর্স) এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছে। আল জাজিরার বরাতে জানা যায়, গাজার আল-শিফা হাসপাতালের বাইরে সাংবাদিকদের অস্থায়ী তাঁবুতে আকস্মিক হামলা চালায় ইসরায়েলি বাহিনী। এতে আরও তিন সাংবাদিকসহ অন্তত সাতজনের মৃত্যু হয়।

ইসরায়েলি সেনাবাহিনীর দাবি, ওই সময় তারা হামাসের একটি ঘাঁটিতে অভিযান চালাচ্ছিল এবং আনাস আল শরিফ হামাসের সঙ্গে যুক্ত থেকে ইসরায়েলি বাহিনীর ওপর হামলার পরিকল্পনায় জড়িত ছিলেন। তবে এই অভিযোগকে ভিত্তিহীন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে প্রত্যাখ্যান করেছে আল জাজিরা ও অন্যান্য আন্তর্জাতিক সংবাদমাধ্যম।

ঘটনার নিন্দা জানিয়ে ফিলিস্তিনি গণমাধ্যম কর্মীরা বলেছেন, সাংবাদিকদের টার্গেট করা আন্তর্জাতিক মানবাধিকার আইন ও সাংবাদিকতার স্বাধীনতার ওপর গুরুতর আঘাত।